

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৯৯

১৫. রক্তপণ অধ্যায় (كتاب الديات)

পরিচ্ছেদঃ ৯. কোনো মুসলিম ব্যক্তিকে হত্যা করা সম্পর্কে ভয়াবহ হুঁশিয়ারী

بَابِ التَّشْدِيدِ فِي قَتْلِ النَّفْسِ الْمُسْلِمَةِ

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ فِرَاسٍ عَنْ الشَّعْبِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ وَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الْكَبَائِرُ الْإِشْرَاكُ بِاللَّهِ وَعُقُوقُ الْوَالِدَيْنِ وَقَتْلُ النَّفْسِ شُعْبَةُ الشَّاكُ أَقْ الْيَمِينُ الْغَمُوسُ

## বাংলা

২৩৯৯. আবদুল্লাহ্ ইবন আমর রাদিয়াল্লাহ্ আনহু থেকে বর্ণিত। তিনি বলেন: নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: কবীরা গুনাহসমূহ হল, আল্লাহ্র সঙ্গে শরীক করা, পিতামাতার নাফরমানী করা, কাউকে হত্যা করা অথবা - ইচ্ছাকৃতভাবে মিথ্যা কসম করা। এখানে শু'বা (র)-এর সন্দেহ হয় যে, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কাউকে হত্যা করা না মিথ্যা কসমের কথা বলেছিলেন।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী, দিয়াত ৬৮৭০; আইমান ওয়ান নুযূর ৬৬৭৫; বাগাবী, শারহুস সুন্নাহ, ১/৮৫ নং ৪৪; নাসাঈ, তাহরীমুদ দাম ৭/৮৯; কাসামাহ ৮/৬৩; ইসতিতাবাহ মুরতাদীন ৬৯২০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন